

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৭২০০.০০০.১৪.০৩৩.১৫. ১৫০২

০২ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ
তারিখ: ১৭ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়: ২০১৫-২০১৬ অর্থ বছরে নেত্রকোণা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত পরিবর্তিত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: নেত্রকোণা জেলা পরিষদের স্মারক নং- জেপনে/১৭২/ক তারিখ: ১২/৪/২০১৭।

২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকায় অনুমোদিত নেত্রকোণা জেলার পূর্বধলা চৌরাস্তা বাসস্ট্যাড ও তেলিগাতী বাজার বাসস্ট্যাড যাত্রী ছাউনী নির্মাণ প্রকল্পটি পরিবর্তন করে সমপরিমাণ অর্থে দুর্গাপুর বিজয়পুর রাস্তার পাশে, কেন্দুয়া উপজেলার চিরাং রোডে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পাশে ও তেলিগাতী বাজার বাসস্ট্যাডে যাত্রী ছাউনী নির্মাণ প্রকল্পটি নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো।

শর্তসমূহ :

- ১) প্রকল্পটির প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, নেত্রকোণা কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর-২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ নেত্রকোণা এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।


(জুবাইদা নায়মিন)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নেত্রকোণা।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।